

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date: 09.11.2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর –

- ১) আর জি কর হাসপাতালে কর্তব্যরত অবস্থায় তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় আজ তিন মাস পূর্ণ হচ্ছে। এক গুচ্ছ কর্মসূচীর ডাক দিয়েছেন জুনিয়ার চিকিৎসকরা।
- ২) রাজ্যের ৬টি বিধানসভা আসনের উপনির্বাচনে জোরদার প্রচার অভিযান চলেছে।
- ৩) জগদ্ধাত্রী পূজোর আজ অষ্টমী। নানা উপচার এবং যথাযথ ধর্মীয় উদ্দীপনায় মেতেছেন কলকাতা সহ শহরতলির পূজো আয়োজকরা। বিশেষ উদ্ভাদনা লক্ষ্য করা যাচ্ছে হুগলীর চন্দননগরে।
- ৪) বন্দর এলাকার ট্রাক চলাচল আরও সুগম করতে কেন্দ্রীয় সরকার হুগলী নদীর নীচ দিয়ে একটি সড়ক পথ নির্মাণের পরিকল্পনা করছে।
- ৫) খড়গপুর শাখায় সেকেন্দ্রাবাদ – শালিমার এক্সপ্রেসের চারটি বগি লাইনচ্যুত হয়েছে।
- ৬) আই এস এল ফুটবলে আজ যুবভারতী ক্রীড়াঙ্গণে ইস্টবেঙ্গল – মহামেডান স্পোর্টিং-এর মুখোমুখি হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর হাসপাতালে কর্তব্যরত অবস্থায় তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় আজ তিন মাস পূর্ণ হচ্ছে। নির্যাতিতার ন্যায় বিচারে টানা আন্দোলন চললেও চিকিৎসকদের অনশন কর্মসূচী প্রত্যাহারের পর থেকে খানিকটা স্থিমিত প্রতিবাদ বিক্ষোভ। এরই মধ্যে নির্যাতিতার ন্যায় বিচারের জন্য আজ ফের পথে নামছে ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফ্রন্ট। আজ কলকাতা সহ রাজ্যের বিভিন্ন মেডিকেল কলেজে দ্রোহের গ্যালারি করার ডাক দিয়েছে সদস্যরা। জুনিয়ার ডাক্তারদের আন্দোলনের বিভিন্ন ছবি, পোস্টার, ব্যানার প্রদর্শিত হবে এই গ্যালারিতে। এর মাধ্যমে আন্দোলনের বিভিন্ন মুহূর্ত এবং মূল বিষয়টিকে ধরে রাখার উদ্যোগ নেওয়া হয়েছে। দুপুর ৩-টের সময় কলেজ স্কোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত নাগরিক মিছিলের ডাক দিয়েছে WBJDF। শুধু শহর নয়, জেলার মানুষকে প্রতিবাদে সামিল হওয়ার আহ্বান জানানো হয়েছে। ধর্মতলায় জনতার চার্জশিট কর্মসূচীর ডাক দিয়েছে অভয়া মঞ্চ। জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স সহ ৮০-টি সংগঠন মিলে বিচারের দাবিতে তৈরি হয়েছিল এই অভয়া মঞ্চ। আজকের কর্মসূচীতে পথ নাটিকা, বিভিন্ন সাংস্কৃতিক কর্মসূচীর মধ্য দিয়ে জানানো হবে প্রতিবাদ।

অন্যদিকে, সম্প্রতি গড়ে ওঠা ওয়েস্টবেঙ্গল জুনিয়ার ডক্টর্স অ্যাসোসিয়েশনও আজ গণ কনভেনশনের ডাক দিয়েছে। স্টার থিয়েটারে হবে এই কনভেনশন। তাদেরও দাবি, নির্যাতিতার ন্যায় বিচার। যদিও ফ্রন্টের সদস্যরা কনভেনশনের জন্য বড় জায়গার অনুমতি না পাওয়ার পর কিভাবে অ্যাসোসিয়েশনের সদস্যরা স্টার থিয়েটারে কনভেনশনের অনুমতি পেলেন, তা নিয়ে প্রশ্ন উঠছে।

এদিকে আগামী সোমবার শিয়ালদা আদালতে শুরু হতে চলেছে খুন ও ধর্ষণের ঘটনার বিচার প্রক্রিয়া। প্রতিদিনই এই মামলার শুনানি হবে বলে জানা যাচ্ছে। গত সোমবার এই মামলায় চার্জ গঠন করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের ৬টি বিধানসভা আসনের উপনির্বাচনে জোরদার প্রচার অভিযান চলেছে। সিতাই, মাদারিহাট, নৈহাটি, হাড়োয়া, মেদিনীপুর ও তালডাংরা বিধানসভা আসনের উপনির্বাচনে ভোট নেওয়া হবে ১৩ই নভেম্বর। এজন্য প্রচার পর্ব শেষ হবে সোমবার ১১ই নভেম্বর। সব দলের নেতারা ই মিটিং-মিছিল-পথসভার মাধ্যমে ভোটারদের মন জয়ের চেষ্টা চালাচ্ছেন।

এদিকে, হাড়োয়ায় আজ বাম সমর্থিত আই এস এফ পার্থীর জন্য নির্বাচনী সভায় বক্তব্য রাখবেন দলীয় বিধায়ক নওসাদ সিদ্দিকি। বক্তা হিসেবে উপস্থিত থাকবেন সিপিআইএম কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী।

মেদিনীপুর কেন্দ্রে সিপিআই পার্থীর সমর্থনে প্রচারে যোগ দেবেন বাম নেতা মহম্মদ সেলিম।

অন্যদিকে, রাজ্যের আসন্ন উপ-নির্বাচন সংক্রান্ত কয়েকটি ক্ষেত্রে অনিয়মের অভিযোগ জানাতে আজ নির্বাচন কমিশনের আধিকারিকদের সঙ্গে দেখা করার কর্মসূচী রয়েছে তৃণমূল কংগ্রেসের সংসদীয় দলের। লোকসভা ও রাজ্যসভার নেতা সুদীপ বন্দ্যোপাধ্যায় এবং ডেরেক ওব্রায়ন সহ আরও তিন সাংসদ এই দলে থাকতে পারেন।

আগেই জানানো হয়েছে, গতকাল বিজেপি দলের প্রাক্তন প্রার্থী রেখা পাত্রের বিরুদ্ধে অবমাননাকর মন্তব্য সহ বেশ কয়েকটি অভিযোগ নিয়ে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাঁকুড়ার তালডাংরায় বিধানসভা উপনির্বাচনে বিজেপির প্রচারে তৃণমূলের বাইক বাহিনীর হামলার অভিযোগ উঠেছে। সিমলাপালের মণ্ডলগ্রাম অঞ্চলের ঐ ঘটনায় এক বিজেপি কর্মী আহত হয়েছেন। বিজেপির দাবি, নির্বাচন কমিশনের অনুমতি নিয়েই মণ্ডলগ্রাম অঞ্চলে তাদের স্বতঃস্ফূর্ত প্রচার কর্মসূচি চলছিল, সেখানেই তৃণমূল বাইক বাহিনী বিনা প্ররোচনায় হামলা চালায়। আহত কর্মীকে দ্রুত উদ্ধার করে

সিমলাপাল ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়া হয়। বিষয়টি নির্বাচন কমিশনে জানানো হবে বলে দলের পক্ষ থেকে জানানো হয়েছে। যদিও তৃণমূল কংগ্রেস বিজেপির অভিযোগকে মিথ্যে বলে দাবি করেছে।।

০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার উস্তির দ্বীপেরমোড় এলাকা থেকে বিজেপি নেতার রক্তাক্ত দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। বিজেপির মথুরাপুর সাংগঠনিক জেলার মিডিয়া সেলের কনভেনার ৩৩ বছরের পৃথ্বরাজ নস্কর স্থানীয় আটঘরা গ্রামের বাসিন্দা। গত চার দিন ধরে তিনি নিখোঁজ ছিলেন। ৭ তারিখ উস্তি থানায় নিখোঁজ ডায়েরি করা হয়। গতরাত সাড়ে ১১ টা নাগাদ দলের কার্যালয়ের তালা ভেঙে পুলিশ তাঁর রক্তাক্ত বিবস্ত্র দেহ উদ্ধার করে। পরনের পোশাক দেহের পাশে পড়েছিল। পৃথ্বরাজের সঙ্গে থাকা মোবাইলগুলি অফ, অন হচ্ছিল বলে পরিবারের দাবী। পুলিশ তদন্ত শুরু করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার, বাংলাকে সেমি কন্ডাকটর শিল্পের হাব হিসাবে গড়ে তুলতে উদ্যোগী হয়েছে। কলকাতায় মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে যৌথ উদ্যোগে সেমি কন্ডাকটর প্ল্যান্ট নির্মাণের ঘোষণার পর এই ক্ষেত্রে রাজ্যে বৈদেশিক বিনিয়োগের পথ আরও প্রশস্ত হবে বলে মনে করা হচ্ছে। লগ্নি টানতে আলাদা নীতি প্রণয়নের আগে খসড়া নীতি প্রকাশ করা হবে। সংশ্লিষ্ট সকলের মতামত নিয়ে চূড়ান্ত নীতি প্রকাশ করা হবে।

আগামী বছরের বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলনেও সেমি কন্ডাকটর শিল্পে বিনিয়োগ ও আধুনিকীকরণ বিশেষ আলোচ্য হতে চলেছে। মার্কিন যুক্তরাষ্ট্রের একটি এই সম্মেলনে অংশ নিতে পারেন বলে সরকারি সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে বাল্যবিবাহ রুখতে প্রতিটি ব্লকে বিশেষ দায়িত্বপ্রাপ্ত আধিকারিক নিয়োগ করা হচ্ছে। ব্লকের অঙ্গনওয়াড়ি কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত শিশু উন্নয়ন প্রকল্প আধিকারিকদের, অতিরিক্ত দায়িত্ব দিয়ে বাল্য বিবাহ প্রতিরোধ আধিকারিক হিসাবে নিয়োগ করছে নারী, শিশু ও সমাজ কল্যাণ দফতর। এতদিন এধরনের ঘটনা রুখতে পুলিশ, বিডিও, আবার অনেক সময় বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা, এমনকী স্থানীয় পঞ্চায়েতও পদক্ষেপ করত। এবার থেকে একজন নির্দিষ্ট আধিকারিককে এই দায়িত্ব দেওয়া হল। এই আধিকারিকরা নিজ নিজ ব্লক এলাকায় বাল্যবিবাহের ঘটনা যাতে না ঘটে সেজন্য পদক্ষেপ করবেন এবং এসংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উদ্যোগী হবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

জগদ্ধাত্রী পূজোর আজ অষ্টমী। নানা উপচার এবং যথাযথ ধর্মীয় উদ্দীপনায় মেতেছেন কলকাতা সহ শহরতলির পূজো আয়োজকরা। বিশেষ উদ্দাদনা লক্ষ্য করা যাচ্ছে হুগলীর চন্দননগরে। একটি বিশেষ প্রতিবেদন –

(ভয়েসকাস্ট)

এদিকে, হুগলী রিষড়া ও নদীয়ার কৃষ্ণনগরে আগামীকাল থেকে শুরু হচ্ছে জগদ্ধাত্রী পূজো। এজন্য শেষ মুহূর্তের প্রস্তুতি তুঙ্গে।

অন্যদিকে, জগদ্ধাত্রী পূজোর প্রতিমা নিরঞ্জনের জন্য পূর্ব রেল আগামী সোম, মঙ্গল ও বুধবার চক্ররেল চলাচল নিয়ন্ত্রণ করবে। ওই তিনদিন সাতটি করে ইএমইউ লোকালের যাত্রা পথ কলকাতা স্টেশন থেকে শুরু ও শেষ হবে। চারটি আপ ও চারটি ডাউন ট্রেন বাতিল থাকবে। ঘুরিয়ে দেওয়া হবে বেশ কয়েকটি ট্রেনের যাত্রাপথ।

০০০০০০০০০০০০০০০০০০০০

বন্দর এলাকার ট্রাক চলাচল আরও সুগম করতে কেন্দ্রীয় সরকার হুগলি নদীর নীচ দিয়ে একটি সড়ক পথ নির্মানের পরিকল্পনা করছে। এরফলে রবীন্দ্র সেতু এবং বিদ্যাসাগর সেতুর উপর চাপ অনেকটাই কমবে বলে আশা করা হচ্ছে।

প্রধানমন্ত্রী গতিশক্তি প্রকল্পের অধীনে মেটিয়াবুরুজ থেকে হাওড়া যাওয়ার প্রস্তাবিত এই টানেল তৈরির জন্যে রাজ্য সরকারের সঙ্গে কেন্দ্রের প্রাথমিক কথা হয়েছে বলে নবান্ন সূত্রে খবর। মূলত ট্রাক চলাচলের জন্যে এই টানেল তৈরি নিয়ে বন্দর, জাহাজ ও জলপথ মন্ত্রকে ইতিমধ্যে রিপোর্টও জমা পড়েছে। ৮ কিলোমিটার টানেল সহ মোট ১৫ কিলোমিটার দীর্ঘ এই রাস্তা তৈরি করতে এগারো হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

বর্তমানে কলকাতায় যানজট কমাতে দিনের ব্যাস্ত সময়ে ৮ ঘন্টা ভারী যান চলাচল বন্ধ রাখা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ পূর্ব রেলের খড়্গাপুর শাখায় সেকেন্দ্রবাদ শালিমার একসপ্রেসের চারটি বগি আজ ভোরে নলপুরের কাছে লাইনচ্যুত হয়। ইন্জিন ও পার্সেল ভ্যান সহ আরো দুটি বগি লাইন থেকে নেমে যায় বলে রেলসূত্র উদ্ধৃত করে আমাদের প্রতিনিধি শিপ্রা সেন সাহা জানিয়েছেন।

ঘটনাস্থলে রেলের উচ্চপদস্থ কর্মীরা ঘটনাস্থলে গেছেন। এখনও পর্যন্ত হতাহতের খবর নেই।

০০০০০০০০০০০০০০০০০০০০

মেট্রো রেল রাজ্য পাবলিক সার্ভিস কমিশন ক্লার্কশিপ পরীক্ষার জন্য আগামী ১৭-ই নভেম্বর রবিবার বু লাইনে অতিরিক্ত ট্রেন চালাবে। ওই দিন ১৩০-টির পরিবর্তে আপ ও ডাউন মিলিয়ে ১৩৮-টি ট্রেন চলবে। এর মধ্যে ১৩৩-টির পরিষেবা পাবে দক্ষিণেশ্বর। দমদম ও কবি সুভাষ থেকে সকাল সাতটা এবং দক্ষিণেশ্বর থেকে

সকাল সাতটা ১৫-য় প্রথম ট্রেন ছাড়বে। বেলা ৯-টা পর্যন্ত ৩০ মিনিট অন্তর চলবে ট্রেন।

অন্যদিকে, গ্রীন লাইন ২ এর ক্ষেত্রে পরিষেবা অন্যান্য রবিবারের মত স্বাভাবিক থাকবে এবং গ্রিন লাইন ১, Purple লাইন এবং অরেঞ্জ লাইনের পরিষেবা যথারীতি বন্ধ থাকবে বলে মেট্রো রেল সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নভেম্বর মাসের প্রথম সপ্তাহ শেষ হয়ে এলেও, কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে এখনো তাপমাত্রা কমেনি। আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে, আগামী কয়েকদিন এই তাপমাত্রার বিশেষ কোনো হেরফের হবে না। আপাতত বৃষ্টিরও কোনো সম্ভাবনা নেই।

তবে ১৫ই নভেম্বরের পর থেকে রাজ্যে শীতের আমেজ অনুভূত হতে পারে। যদিও পশ্চিমাঞ্চলের জেলা সহ উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত এলাকাগুলিতে ইতিমধ্যেই ঠান্ডা টের পাওয়া যাচ্ছে। আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় অধিকর্তা সোমনাথ দত্ত একথা জানান।

(বাইট – সোমনাথ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গণে আজ আইএসএল ফুটবলের ম্যাচে ইস্টবেঙ্গল, মহামেডান স্পোর্টিং এর মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। আইএসএলের ইতিহাসে এই প্রথম কলকাতার দুই দল মুখোমুখি হচ্ছে। দুই দলই ছয়টি করে ম্যাচ খেলেছে। মহামেডান একটি ম্যাচ জিতেছে, একটি ড্র করেছে। লিগতালিকায় দ্বাদশ স্থানে আছে তারা। অন্যদিকে, ইস্টবেঙ্গল তাদের খেলা প্রতিটি ম্যাচেই পরাজিত হয়েছে। কোনো পয়েন্ট না পেয়ে ইস্টবেঙ্গল ১৩ দলের লিগে সবশেষে রয়েছে। সম্প্রতি এএফসি চ্যালেঞ্জ কাপে দুই ম্যাচ জিতে ও একটি ম্যাচ ড্র করে কোয়ার্টার ফাইনালে পৌঁছেছে লাল হলুদ। বাড়তি আত্মবিশ্বাস নিয়ে

আইএসএলে প্রথম জয়ের লক্ষ্যে আজ মাঠে নামতে চলেছে ইস্টবেঙ্গল।
অন্যদিকে, টানা তিন ম্যাচ হেরে যাওয়ার পর মহামেডানের কাছে আজকের ম্যাচ ঘুরে
দাঁড়ানোর লড়াই।

oooooooooooooooooooo
oooooooooooooooooooo
oooooooooooooooooooo